## ফেব্রুয়ারি, ২০২৫ মাসের জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নুসরাত সুলতানা
জেলা প্রশাসক, কুড়িগ্রাম

সভার তারিখ : ২৫ ফেব্রুয়ারি, ২০২৫

সভার সময় : দুপুর ৩.০০ ঘটিকা

সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার চলমান প্রকল্পসমূহের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন অত্র সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের মাধ্যমে ফেব্রুয়ারী ২০২৫ ইং মাসে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং যাত্রাপুর ইউনিয়নের ৯০ জন ছাত্রী নিয়ে শিশু অধিকার, বাল্য বিবাহ রোধ, যৌন হয়রানী, প্রজনন স্বাস্থ্য, পিতামাতার সাথে সম্পর্ক উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তন বিষয় নিয়ে ক্যাম্পইন অনুষ্ঠিত হয়। নাগেশ্বরী উপজেলার বল্লভেরখাস, কচাকাটা, কালিগঞ্জ ইউনিয়নের ৮৮৯ জন বন্ধু শিশু পরিবারের মাঝে নগদ ১০০০/- (এক হাজার) টাকা ও শীতবস্ত্র বিতরণ করা হয় এবং ৬০০ জন পরিবরের মধ্যে নন ফুড আইটেম বিতরন করা হয়। উলিপুর উপজেলার ৪০টি বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক শ্রেনির শিশুদের জন্য কলম, সার্পনার, ইরেজার এবং রং পেন্সিল প্রদান করাসহ সেশনসমুহ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | সকল কার্যক্রম বাস্তবায়নে ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট এনজিও |
| ০২ | উপজেলা পর্যায়ে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা ফলপ্রসূ করার উপর সভাপতি গুরুত্বরোপ করেন। উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহ মাসিক সভায় তাদের কার্যক্রমের বিবরণসহ প্রত্যেক এনজিও কর্তৃক এফ ডি-৬ দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও উপকারভোগী সিলেকশনের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। এনজিওসমূহের প্রকল্প সমাপনী প্রত্যয়নের ক্ষেত্রে প্রকল্পের ব্যয় বিবরণী প্রত্যয়ন আবেদনে সংযুক্ত করার বিষয়ে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ১। সকল উপজেলায় প্রতি মাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা আয়োজন করতে হবে।<br>২। উপকারভোগী সিলেকশনের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করতে হবে।<br>৩। প্রকল্প সমাপনান্তে প্রত্যয়ন আবেদনে ব্যয় বিবরণী সংযুক্ত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>২। সকল এনজিও |
| ০৩ | এ জেলায় জনসাধারণের মাঝে বাল্যবিবাহ ও যৌতুক বন্ধকরণসহ শিশুশ্রম নিরসন বিষয়ে সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম জোরদারকরণের উপর সভাপতি গুরুত্বারোপ করেন। | বাল্যবিবাহ ও যৌতুক বন্ধকরণসহ শিশুশ্রম নিরসনের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও |
| ০৪ | জমি অনাবাদি না রাখার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রচারণা চালানোর বিষয়ে সমন্বিত কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। শাক-সবজিসহ অন্যান্য ফসল উৎপাদন করার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণসহ সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম বৃদ্ধির বিষয়ে সভাপতি সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | এক ইঞ্চি জায়গাও যাতে অনাবাদি না থাকে এ বিষয়ে সকল এনজিওকে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও |
| ০৫ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত সকল সংস্থা কর্তৃক নির্ধারিত বার্ষিক ফি সোনালী ব্যাংক পিএলসি, কুড়িগ্রাম শাখায় আগামী ১০ কার্যদিবসের মধ্যে চলতি হিসাব নং-৩৩০১৪০২৪ এ জমা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত বার্ষিক ফি নিয়মিতভাবে জমা প্রদান করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ০৬ | বন্যা পরবর্তী পরিস্থিতি মোকাবেলা ও প্রাকৃতিক দুর্যোগকালীন সময়ে সরকারি বিভিন্ন বিভাগের পাশাপাশি বেসরকারি সংস্থা এনজিওসমূহ কর্তৃক উপকারভোগীদের মাঝে বিভিন্ন ধরনের ত্রাণ ও সাহায্য সহযোগিতা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | সকল বেসরকারি সংস্থা এনজিওসমূহ কর্তৃক উপকারভোগীদের মাঝে ত্রাণ ও সাহায্য সহযোগিতা প্রদান করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৭ | সকল সংস্থাকে ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ডাউনলোডসহ নিজ সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত এড্রেসে (ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করার জন্য সভায় আলোচনা করা হয়। | সকল এনজিও কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন (ই-মেইল: acgenkurigram @mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করতে হবে। | সকল এনজিও |
| ০৮ | কুড়িগ্রাম জেলায় শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন/অর্জনের জন্য সকল এনজিওকে অগ্রণী ভূমিকা পালনসহ সুপেয় পানির অভাব পূরণের বিষয়ে কার্যক্রম বেগবান করতে হবে মর্মে সভাপতি গুরুত্বারোপ করেন। | শতভাগ স্যানিটেশন বাস্তবায়নের লক্ষ্যে সকল এনজিওকে স্বত:স্ফুর্তভাবে কাজ করতে হবে। | সকল এনজিও |
| ০৯ | জেলায় এনজিও পরিচালিত প্রকল্পসমূহের বিভিন্ন স্তরে নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে আবশ্যিকভাবে জেলা প্রশাসনকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিওসমূহের নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়ে জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | সকল এনজিও |
| ১০ | বিভিন্ন এনজিওর উপকারভোগীদের ছেলে/মেয়েরা যাতে নিয়মিতভাবে স্কুলে যায় সে জন্য তাদেরকে সচেতন করার জন্য অনুরোধ জানানো হয়। যেহেতু বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়ার জন্য সকল এনজিও/সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিও উপকারভোগীদের ছেলে/মেয়েরা যেন নিয়মিতভাবে স্কুলে যায় সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও কর্তৃপক্ষ |
| ১১ | এ জেলায় সকল শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত ব্যক্তিদের মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির জন্য জনসাধারণের মাঝে সচেতনতামূলক প্রচার-প্রচারণা চালানোর দৃশ্যমান ও কার্যকর গ্রহণের বিষয়ে একমত পোষন করা হয়। | জন্ম নিবন্ধন এবং মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল এনজিও |
| ১২ | ব্র্যাক, কুড়িগ্রাম আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে আলোচনা হয়। সংস্থা কর্তৃক সম্পাদিত বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতাসমূহ ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়। | পরবর্তী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ব্র্যাক, কুড়িগ্রাম |
| ১৩ | জেলা ও উপজেলায় এনজিও বিষয়ক সভায় সংশ্লিষ্ট সকল এনজিও নিয়মিত অংশগ্রহণ করবেন। জেলা ও উপজেলা থেকে এনজিওর সার্বিক কার্যক্রম আরো ফলপ্রসূ করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি দপ্তরের কর্মকর্তাগণকে অবহিতকরণ ও তদারকির আহ্বান জানাতে হবে মর্মে সভায় সভাপতি গুরুত্বারোপ করেন। | জেলা ও উপজেলায় এনজিও বিষয়ক সভায় সকল এনজিওসমূহের নিয়মিত অংশগ্রহণ করতে হবে এবং এনজিওর সার্বিক কার্যক্রম ফলপ্রসূ করার জন্য সরকারি দপ্তরের কর্মকর্তাগণকে তদারকি করার জন্য আহ্বান জানাতে হবে। | সকল এনজিও |
| ১৪ | সকল এনজিও তাদের প্রকল্পগুলো নিয়মানুযায়ী/নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করবেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিও প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল এনজিও |
| ১৫ | সভাপতি চরাঞ্চলে শিক্ষার উন্নয়ন, মানুষের চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে সংশ্লিষ্ট এনজিও প্রধানগণকে সভায় অনুরোধ করেন। তিনি সভায় আরও জানান যে, স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি করাসহ চরের উন্নয়নের মাধ্যমে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠিত হবে। তাছাড়া, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটলে মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে। ফলে অবহেলিত পিছিয়ে পড়া জনপদ SDG goal-9 এ উল্লিখিত অন্তর্ভূক্তিমূলক উন্নয়নের মূলধারায় যুক্ত হবে এবং শতবছরের অবহেলিত পিছিয়ে পড়া জনপদের উন্নয়ন নিশ্চিতকল্পে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বিভিন্ন চরের কার্যক্রম সম্প্রসারণ করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | ১। চরাঞ্চলে শিক্ষার উন্নয়ন, মানুষের চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে হবে।<br>২। স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি করাসহ চরের উন্নয়নের মাধ্যমে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠিত করতে হবে।<br>৩। শতবছরের অবহেলিত পিছিয়ে পড়া জনপদের উন্নয়ন নিশ্চিতকল্পে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বিভিন্ন চরের কার্যক্রম সম্প্রসারণ করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও প্রধানগণ |

| | | | |
|---|---|---|---|
| | সভায় সম্প্রতি চরের বিভিন্ন উন্নয়নে গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট চরে গিয়েই সম্পন্ন করার করার জন্য সংশ্লিষ্ট এনজিওদের নির্দেশনা প্রদান করেন। সভায় শতবছরের অবহেলিত পিছিয়ে পড়া চর জনপদের উন্নয়নের সুযোগ প্রদানসহ বালুকেন্দ্রিক শিল্প প্রসারের সুযোগের বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। তাছাড়া সভাপতি চরাঞ্চলের মানুষের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প/শিল্পকারখানা স্থাপন করার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ৪। সম্প্রীতি চরের বিভিন্ন উন্নয়নে গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট চরে গিয়েই সম্পন্ন করতে হবে।<br>৫। শতবছরের অবহেলিত পিছিয়ে পড়া চর জনপদের উন্নয়নের সুযোগ প্রদানসহ বালুকেন্দ্রিক শিল্প প্রসারের সুযোগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। চরাঞ্চলের মানুষের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প/শিল্পকারখানা স্থাপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও প্রধানগণ |

০২. পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নে এবং এনজিওসমূহ কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নুসরাত সুলতানা)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২২- ১৪৭

তারিখ: ২৮ ফাল্গুন, ১৪৩১ / ১৩ মার্চ, ২০২৫

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৪. উপজেলা নির্বাহী অফিসার.................(সকল), কুড়িগ্রাম
৫. ...................................

(সায়েকুল হাসান খান)
সহকারী কমিশনার
কুড়িগ্রাম
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি

সংযুক্তি: ০১। এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

| ক্রঃ নং | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১ | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, ইটালী, কুড়িগ্রাম | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, ইটালী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিবিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যয়নরত ১০৫ জনকে শিক্ষা সহায়তা (কাগজ, কলম, রাবার, খাতাসহ অন্যান্য) উপকরণ প্রদান করা হয়। কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যয়নরত ৮৬ জন কিশোরী এবং ৫১ জন কিশোর মোট ১৩৭ জনকে শিক্ষা সহায়তা (কাগজ, কলম, রাবার, খাতাসহ অন্যান্য) উপকরণ প্রদান করা হয়। কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় একটি এবং কুড়িগ্রাম সদর উপজেলার পৌরসভায় একটিসহ মোট ২টি কিশোরী কিশোর ক্লাবের কার্যক্রম নিয়মিত অব্যাহত রয়েছে। এছাড়াও, স্কুল শুরুর পূর্বে কোচিং সেবা কার্যক্রম পরিচালনা করা হয়। |
| ২ | ইএসডিও, কুড়িগ্রাম | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার তত্ত্বাবধানে ০৮টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পসমূহ হলো: ১. বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের ৩টি উপজেলায় ২৬টি ইউনিয়নে বিভিন্ন কাজ চলমান রয়েছে। ২. Provati GALS Project প্রকল্পের ৯টি উপজেলায় ৭৩টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ৪,৩২০ জন ও ২,৫৩৬ জন ৩. SEEDS (Socio Economic Empowerment with Dignity and Sustainability প্রকল্পের ৩টি উপজেলায় ০৯টি ইউনিয়নে উপকারভোগী পরিবার ৩,০০০ জন ৪. Community Support Inclusive Equitable Education Across School in Kurigram District প্রকল্পের কুড়িগ্রাম সদরের ৫টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ৫,৪৮০ জন ৫. Empowering Children throw Education (FCE) Project প্রকল্পের রাজারহাট উপজেলায় ০৭টি ইউনিয়নে শিক্ষার্থীর সংখ্যা ৮,৮৫১ জন ৬. Kurigram Dairy Value Chain Project প্রকল্পের ৩টি উপজেলায় ০৩টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১৩০ জন ৭. USAID's Community Nutrition and Health Activity (CNHA) ৩টি উপজেলার ২৮টি ইউনিয়নে তথ্য সংগ্রহ কার্যক্রম এবং ৮. MF (Micro Finance) ৩টি উপজেলায় ৯টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১৭,১২৭ জন সদস্য ও ৯৫৩২ জন ঋণী সদস্য অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩ | লেপ্রা, বাংলাদেশ কুড়িগ্রাম | লেপ্রা, বাংলাদেশ এর মনিটরিং অফিসার সভায় জানান স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় কুষ্ঠ রোগীদের পাঁয়ের প্রতিবন্ধিতা প্রতিরোধের লক্ষ্যে ১৭ জন রোগিকে ১৭ জোড়া এবং গোদ রোগিদের পা ফুলা হওয়ার কারণে ৫০ জন গোদ রোগিকে ৫০ জোড়া বিশেষভাবে তৈরি জুতা প্রদান করা হয়। নাগেশ্বরী উপজেলায় ১০ জন কুষ্ঠ ও গোদ আক্রান্ত রোগিদের নিয়ে self-care refresher trining অনুষ্ঠিত হয়। সদর উপজেলার জেলঅ ফেডারেশন নেতৃবৃন্দের (কুষ্ঠ ও গোদ রোগি) নিয়ে quarterly meeting অনুষ্ঠিত হয়। (বিশেষ করে উলিপুর, সদর, রাজারহাট, ভূরুঙ্গামারী, নাগেশ্বরী ও ফুলবাড়ী উপজেলায় মোট ১০০ জন কুষ্ঠ ও গোদ আক্রান্ত রোগীকে বাড়িতে গিয়ে ফলো-আপ প্রদান করা হয়। |
| ৪ | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রাম | (১) ৭৫টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ৯,০০৩ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে (২) ১২০টি ইপিআই সেশনের মাধ্যমে ৩,৬৫৩ জন শিশু ও ৬০৯ জন নারীকে সেবা দেওয়া হয়েছে (৩) ১৪২ জন দক্ষ মোবাইল হেলথ এফসিএম এর মাধ্যমে দুর্গম এলাকার রোগীদের আধুনিক প্রযুক্তি সেবা ও চিকিৎসা দেয়া হচ্ছে (৪) নিবিড় যোগাযোগের মাধ্যমে ২৮৮ জনকে ভায়া চেকআপ করা হয়েছে। (৫) ০৮ টি চরে থিয়েটার প্রদর্শনের মাধ্যমে জনসাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে (৬) চলতি মাসে ২০ জন মহিলা শিক্ষার্থীদের মাঝে সরকারি যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষক দ্বারা বসত ভিটায় বস্তায় আদা চাষের উপর প্রশিক্ষণ দেয়া হয়। (৭) দরিদ্র কৃষিজীবিদেরকে আধুনিক প্রযুক্তির ব্যবহারে সহায়তা করা হচ্ছে (৮) তাঁত সেন্টার-৬টি, সেলাই প্রশিক্ষণ কেন্দ্র-২টি ও কৃষকদের জন্য এমব্রয়ডারী কেন্দ্র-১টি স্থাপন করা হয়েছে। এতে ১৩৫ জন নারীর কর্মসংস্থান ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে (৯) সোলার প্যানেল ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়েছে (১০) ২টি ইউনিয়নে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম শুরু করা হয়েছে (১১) দুর্যোগের ঝুঁকি হ্রাসে তারা কাজ করছেন এবং (১২) কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করা হয়। |
| ৫ | মানসিকা, কুড়িগ্রাম | মানসিকা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর উপজেলায় প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুশাসন নিশ্চিতকরণের সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের মাধ্যমে ১০০০ জন উপকারভোগীর মাঝে কার্যক্রম গ্রহণ করছে। |

চলমান পাতা-৫

| | | |
|---|---|---|
| ৬ | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম সিডিপি | গুড নেইবারস বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার, সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন সমবায়ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্য ও নারী উন্নয়ন, যুব উন্নয়ন, স্থানীয় যুবকদের কর্মমুখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছা সেবা কার্যক্রম এবং দুর্যোগ সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করে আসছে। বাস্তবায়িত প্রকল্পের নাম শিক্ষা ও সুরক্ষা, আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, কমিউনিটি পার্টনারশিপ ও নেটওয়ার্কিং, এ্যাডভোকেসি, পরিবেশ সুরক্ষা, জরুরী খাদ্য সহায়তা, দুর্যোগ সক্ষমতাবৃদ্ধি প্রকল্প, এছাড়াও ৫ জন গর্ভবতী মাকে পুষ্টিকর খাবার বিতরণ করা হয়েছে। ২৭ জন কমিউনিটির মা ও শিশুদের মোবাইল ক্লিনিক এর মাধ্যমে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। ১১০ জন কমিউনিটিকে ব্লাডসোগার পরীক্ষা। স্পেশাল হেলথ ক্যাম্পেইন এর মাধ্যমে ৬৭ জন গর্ভবতী মায়েদের গাইনি ডাক্তার দ্বারা চিকিৎসার সুবিধা প্রদান করা হয়। ১৪৯৩ জন শিশুকে হাউজিং উপকরণ (তুথপেষ্ট, তুথব্রাশ, ডিটার্জেন্ট, সাবান) প্রদান এবং ১৩টি পরিবারের স্যানেটারী ল্যাট্রিন প্রদান করা হয়েছে। |
| ৭ | সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভলপম্যান্ট-(সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে ১. প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগ ঝুঁকিহ্রাসে কার্যক্রম ২. সরকারি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের সহযোগিতায় বিনামূল্যে মোবাইল ভ্যান স্বাস্থ্য ক্যাম্প এ ঔষধ প্রদান করা হয়। যাত্রাপুর ইউনিয়ন পরিষদে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তাকরণসহ ৭৬ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। ফিজিওথেরাপি ১৩ জন, অকুপেশনাল থেরাপি ৬ জন, স্পিচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপি ৪ জন ৩. ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা ৯টি ৪. যাত্রাপুর ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের স্ব-সহায়ক দলের ৪টি সভা করা হয়। |
| ৮ | কেডিএবি, কুড়িগ্রাম | কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান বর্তমানে কেডিএবি-কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট কার্যক্রম চিলমারী ও উলিপুর উপজেলায় চলমান রয়েছে। একটি প্রাথমিক বিদ্যালয়ে ২২৮ জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ২৩৯ জন শিক্ষার্থীদের দেশী/বিদেশী শিক্ষকদ্বারা পরিচালিত হচ্ছে। ২০টি কম্পিউটার বিশিষ্ট ল্যাবে মাল্টিমিডিয়া সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কুষ্ঠরোগী পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদেরকে পোল্ট্রি, ফিসারী, গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, কৃষি ও মানসিক উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়াও, সাধারণ চিকিৎসা সেবা ২০০ জনকে চিকিৎসাসেবা প্রদান করা হয়। |
| ৯ | ইসলামিক রিলিফ বাংলাদেশ | ইসলামিক রিলিফ বাংলাদেশ এর প্রজেক্ট ম্যানেজার সভায় জানান কুড়িগ্রাম জেলায় মোট ১০৪৩ জন সদস্যকে আয়বৃদ্ধিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (গাভী পালন-৩০৮ এবং ছাগল পালন-৫৯০ জন) প্রশিক্ষণ দেওয়া হয়েছে। উক্ত প্রশিক্ষণে কুড়িগ্রাম জেলা ও উপজেলার প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তাগণ প্রশিক্ষণ পরিচালনা করেন। ২৪০টি স্ব-নির্ভর দলের ৬০০০ জন উপকারভোগীদের উঠান বৈঠকের মাধ্যমে নারী অধিকার, শিশু অধিকার, শিশু নির্যাতন বন্ধ বিষয়ে সচেতন করা হয়। এ ছাড়াও পরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রমের কাজ চলমান রয়েছে। |
| ১০ | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান ইউএসএস একটি বেসরকারি স্বেচ্ছাসেবী সামাজিক উন্নয়ন সংস্থা। বর্ণিত প্রকল্পের আওতায় চলতি মাসে (১) যুব নারীদের ক্ষমতায়ন ত্বরান্বিত করতে অভিভাবকদের সাথে কন্সাল্টেশন সেশন হয়েছে ১টি, (২) ক্লাইমেট জাস্টিস এন্ড পাবলিক পলিসি টুলস বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ২৫ জন, (৩) এ্যাডাপ্টেশন এন্ড মিটিগেশন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করছে ২৫ জন, (৪) পলিথিনের ব্যবহার কমানো এবং বর্জ্য-ব্যবস্থাপনা বিষয়ে বণিক সমিতির সাথে মতবিনিময় সভা ১টি, (৫) যুবদের উন্নয়নে এজেন্ডা বাস্তবায়নে সভা ১টি, (৬) জলবায়ু বিষয়ক নেটওয়ার্ক গঠন করা হয়েছে ১টি এবং (৭) ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে ১টি। |
| ১১ | সেন্টার ফর সোস্যাল ডেভেলপম্যান্ট-(সিএসডিকে) | সিএসডিকে, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম জেলার ৬টি উপজেলায় বিভিন্ন প্রকল্পের সহযোগিতায় আউট অব স্কুল এডুকেশন প্রোগ্রামে, প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ৪,২০০ জন, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি, প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ২,১৯৫ জন, প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষুধ বিতরণ প্রোগ্রাম প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ২৬,০০০ জন। ভালনারেবল উইমেন বেনিফিট উপকারভোগীর সংখ্যা ২,৪৩৬ জন, ঈদ সামগ্রী ও ছাগল বিতরণ কর্মসূচির আওতায় ১১০টি হতদরিদ্র পরিবারের মাঝে বিতরণ করা হয়। |
| ১২ | ব্র্যাক, কুড়িগ্রাম | ব্র্যাক, কুড়িগ্রাম জেলা সমন্বয়কারী সভায় জানান যে, বিভিন্ন প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পসমূহ হলো: (১) মাইক্রোফাইন্যান্স কর্মসূচি (২) ব্র্যাক শিক্ষা কর্মসূচি (৩) ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি (৪) সামাজিক ক্ষমতায়ন আইন সুরক্ষা কর্মসূচি (৫) অতিদরিদ্র কর্মসূচি (৬) জেন্ডার জাস্টিস এন্ড ডাইভারসিটি কর্মসূচি (৭) এসডিপি কর্মসূচি এবং (৮) ব্র্যাক দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কর্মসূচি । বর্ণিত সংস্থার স্কুল ৪৭৮টি শিক্ষার্থী ১১,৯৫০ জন, জেন্ডার বিষয়ক ট্রেনিং সম্পন্ন হয়েছে ৩ ব্যাচ, অংশগ্রহণকারীর সংখ্যা ৩০ জন। জেন্ডার সংবেদনশীল কর্মপরিবেশ নিশ্চিতকরণের উদ্দেশ্যে অফিস পরিদর্শন ১০টি এবং ফিল্ড ফোরাম পরিদর্শন ২০টি। FGD এর মাধ্যমে ১২০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়েছে বর্তমানে ৫ টি ট্রেডে ট্রেনিং চলমান রয়েছে। প্রকল্পগুলোর কার্যক্রম বিভিন্ন উপজেলায় বাস্তবায়ন অব্যাহত রয়েছে। |

চলমান পাতা-০৬-

| | | |
|---|---|---|
| ১৩ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলায় ২টি প্রকল্পের মধ্যে ১। "সোসিও-ইকোনোমিক ইমপাওয়ারমেন্ট অব এক্সট্রীম পুওর এ্যান্ড পুওর পিপলস লিভিং ইন ফ্লাড প্রোন ডিস্ট্রিক্ট অব বাংলাদেশ" প্রজেক্ট ২। "দারিদ্র বিমোচন এবং মূলধারায় যোগদানের মাধ্যমে বাংলাদেশের কুড়িগ্রাম জেলার নারী/মেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরন প্রকল্প"। ৪০টি স্ব-সহায়ক দলে বন্যা বিষয়ে নিয়ে বৈঠক সম্পন্ন করা হয়েছে। উপকারভোগী পরিবার ৭৭৯ জন, ২৭ জনকে ফিজিক্যাল এ্যান্ড রিহ্যবিলিটেশন থেরাপি সহায়তা প্রদান, ০৬ জন প্রতিবন্ধী ব্যক্তিকে এক্সিলারি ক্রাচ, টয়লেট চেয়ার, ওয়াকিং ফ্রেম প্রদান, টিটিসি কুড়িগ্রাম ও কেডিএবিতে ৪২ জন দলীয় সদস্যকে বিভিন্ন ট্রেডে ভোকেশনাল প্রশিক্ষণ করা হয় এবং নতুনভাবে ভর্তি করা হয়। |
| ১৪ | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, (১) নারী মানবাধিকার সংবর্ধন ও সংরক্ষণের উদ্দ্যোগ নিবিড়করণ, (২) বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে মতবিনিময় সভা, (৩) পারিবারিক সহিংসতা প্রতিরোধ সুরক্ষা আইন ২০১০ বিষয়ে আলোচনা সভা, (৪) উঠান বৈঠক কর্মী সভা, (৫) তরুণ-তরুণীদের নিয়ে মাসিক পাঠচক্র, (৬) সালিশ বৈঠক, (৭) তরুণী সংগঠকদের নিয়ে প্যারা লিগ্যাল প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও, বিভিন্ন দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে মানববন্ধন করা হয়। |
| ১৫ | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলার ০৬টি উপজেলায় (কুড়িগ্রাম সদর, রাজারহাট, উলিপুর, চিলমারী, রৌমারী ও চর রাজিবপুর ( চাইল্ড, নট ব্রাইড (সিএনবি) প্রকল্পটি জানুয়ারি, ২০২২ সাল থেকে বাস্তবায়ন করছে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হলো কুড়িগ্রাম জেলায় বাল্য বিবাহ কমিয়ে আনা। প্রকল্পটির পক্ষ থেকে প্রকল্পে অংশগ্রহণকারীদের জন্য দীর্ঘ ৪৫ দিন ব্যাপী সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও স্থানীয় একটি বেসরকারী প্রতিষ্ঠানে বিভিন্ন ট্রেডে কারিগরি প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে যেখানে ৫০ জন অংশগ্রহণকারী অংশ নিচ্ছেন। উক্ত প্রশিক্ষণের সমাপনী কোর্স হিসেবে "কাজের প্রস্তুতি গ্রহণ ও মৌলিক জীবনদক্ষতা" বিষয়ক দিনব্যাপি একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। |
| ১৬ | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থাটি কুড়িগ্রাম জেলার হতদরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কাজ করে আসছে। এ জেলার রাজারহাট, উলিপুর, রৌমারী, চর রাজিবপুর, ভূরুঙ্গামারী ও চিলমারী ৬টি উপজেলায় তাদের কার্যক্রম চলমান। প্রকল্পসমূহ হলো: (১) সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট কুড়িগ্রাম (CSDK) (২) সোসাইটি ফর পিপলস ইনিসিয়েটিভস (SPI) এবং (৩) রংপুর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RHRDF) প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পের উপকারভোগীর সংখ্যা ১২,৬০০ জন, শিক্ষা কেন্দ্র/শিখন কেন্দ্রের সংখ্যা ৪২০টি, বই বিতরণ ১২,৬০০ সেট, শিক্ষক ও সুপারভাইজার সহায়িকা বই বিতরণ ৪৫০ সেট, বেজলাইন ডাটা এন্ট্রি ওরিয়েন্টেশন ২টি, উঠান বৈঠক ২০টি এবং ৬টি উপজেলায় সচেতনতামূলক মাইকিং করা হয়েছে। এছাড়াও, চলমান ৬টি প্রকল্পের বই আকারে আইভিএ প্রতিবেদন প্রেরণ করেছেন। |
| ১৭ | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান তার প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব অর্থায়নে প্রাথমিক শিক্ষা, উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, সুপারী নার্সারী ও মৎস্য চাষ, ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) সহযোগিতায় উপকারভোগীদের মাঝে আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য সচেতনতা, দুর্যোগ ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতা ইত্যাদি প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৮ | টেরেডেস হোমস্ হাসপাতাল রোড, কুড়িগ্রাম | টেরেডেস হোমস্, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় চলতি মাসে দ্বিতীয় ধাপে ২৯৬৭ জন উপকারভোগীকে নিয়ে ৭৩০টি ফুটবল খেলার মাধ্যমে সুরক্ষা, ১৬১৯ জন উপকারভোগীকে নিয়ে ৪৭৯টি হ্যান্ডবল খেলার মাধ্যমে সুরক্ষা এবং ৯৭৫ জন উপকারভোগীকে নিয়ে ৩৫৮টি গ্রামীণ পর্যায়ে ঐতিহ্যবাহী খেলাধুলার মাধ্যমে সুরক্ষা বিষয়ক সেশন পরিচালিত হয়েছে। প্রকল্পের অপারেশনাল ম্যানেজমেন্ট সঠিকভাবে বাস্তবায়নে ক্লাস্টার ম্যানেজমেন্ট কমিটির সাথে ১০টি, গার্লস সাপোর্ট কমিটির সাথে ০১টি এবং লোকাল রিসোর্স ম্যানেজমেন্ট কমিটির সাথে ৭টি ত্রৈমাসিক সমন্বয় সভা করা হয়। এছাড়াও সাপ্তাহিক কোচদের সাথে মিটিং ৪০টি, স্টাফদের সাথে ৩টি সমন্বয় মিটিং ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারের সাথে ৫টি সমন্বয় সভা করা হয়। |
| ১৯ | ফুল, কুড়িগ্রাম | ফুল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান অত্র কুড়িগ্রাম জেলায় ২০১৪ সাল থেকে শিক্ষা, স্বাস্থ্য ও গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন নিয়ে কাজ করে আসছে। মা ও শিশু পুষ্টি সহায়তা প্রকল্পের অধীনে নাগেশ্বরী উপজেলার কচাকাটা, বল্লভেরখাস ও কেদার ইউনিয়নের মোট ১৭৫ জন উপকারভোগী সদস্যের মাঝে জনপ্রতি ৩০০ (তিনশত) টাকা করে সর্বমোট ৫২,৫০০ (বাহান্ন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। |

| | | |
|---|---|---|
| ২০ | সলিডারিটি, কুড়িগ্রাম | সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি জানান যে সলিডারিটি "চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প" (Strengthenung Food of Char Poor Peoples Project-SFSCP, Bread for the World Germany-Bftw) এর আর্থিক সহায়তা এ জেলায় গত ২০০৯ সাল থেকে ব্রহ্মপুত্র অববাহিকায় কাজ করে আসছে। প্রকল্পটি ১ জুলাই, ২০২৪ থেকে ৩০ জুন, ২০২৭ খ্রি. পর্যন্ত ৩ বছরের জন্য পুনরায় ০৯ (নয়)টি উপজেলার ১৮টি ইউনিয়নে কাজ করার অনুমোদন পেয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। এছাড়াও, সংস্থাটির অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২১ | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় ডিজিটাল লেনদেন ৮,৬৪২টি হয়েছে। ২১ টি পরিবারের মাঝে ২১টি স্মার্ট ফোন প্রদান করাসহ দারিদ্র্য বিমোচন এবং জীবন যাত্রার মানোন্নয়নে দরিদ্র জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়াও সুবিধা বঞ্চিত মানুষের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষিভিত্তিক প্রশিক্ষণ পানি ও পয়ঃনিষ্কাশন দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি প্রদান করা হয়। |
| ২২ | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি জানান সংস্থার ৩টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। USAID's Community Nutrition and Health Activity শীর্ষক প্রকল্পটি অত্র জেলার বিভিন্ন বসবাসরত মা ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য উন্নয়ন করার লক্ষ্যে বাস্তবায়িত হচ্ছে। এছাড়ারও সংস্থাটির অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২৩ | আশা, কুড়িগ্রাম | আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, রাজারহাট, উলিপুর ও চিলমারী উপজেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও, জেলায় সিজারিয়ান ডেলিভারী, জরায়ু টিউমার অপারেশন, চোখের ছানি অপারেশন, ব্রেষ্ট টিউমার অপারেশন, হাত-পা ভাঙ্গার ক্ষেত্রে অপারেশন, ব্রেন টিউমার, যে কোন ধরনের ক্যান্সার, হার্ট অপারেশন, কিডনী ড্যামেজ, প্যারালাইসিস, এসিড দগ্ধ, মেরুদেন্ডের অপারেশন, সদস্যর স্বামীর দূর্ঘটনা জনিত চিকিৎসা সহায়তাসহ সদস্য/স্বামী মারা গেলে ঋণ মওকুফ ও জমাকৃত টাকা দ্বিগুণ ফেরত, সৎকারের জন্য এককালীন ৫,০০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়। জেলার ১৫টি ব্রাঞ্চে প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ১৫টি শিক্ষাকেন্দ্র মাধ্যমে ৬,৭৫০ জন শিক্ষার্থীকে নিয়মিত পাঠদান করা হচ্ছে। রাজারহাট উপজেলায় নতুন করে স্বাস্থ্য কেন্দ্র খোলা হয়েছে যা ০১ জানুয়ারি ২০২৪ থেকে স্বল্প পরিসরে সেবা কার্যক্রম চলমান আছে। এছাড়াও, সংস্থার অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ২৪ | এএফএডি কুড়িগ্রাম | এএফএডি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ১. Resilience Strengthening of Vulnerable Populations in Northern, Western and Eastern Bangladesh Through a Network Approach of 5 partner Organisations ২. Empowering Vulnerable Women in kurigram, ৩. Towards Greater Effectiveness and Timeliness in Humanitarian Emergency Response, ৪, Anticipatory Action project, ৫. Empower II, ৬. Emergency Response Fund প্রজেক্ট এই ৬টি প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলায় প্রকল্প এলাকা হতে দরিদ্র নারী প্রধান পরিবার, কিশোরি, গর্ভবতী নারী, দুগ্ধ প্রদানকারী নারী, পরিত্যক্তা ও প্রতিবন্ধী ব্যক্তি এবং কমিউনিটি ১১৬ জনের মাঝে কার্যক্রম পরিচালনা করে আসছে। |
| ২৫ | টিএমএসএস, কুড়িগ্রাম | টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে কুড়িগ্রাম জেলায় সকল প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। মৌসুম ভিত্তিক ফসল, কৃষিজ পণ্য উৎপাদন, গবাদী পশু পালন ও বাজারজাতকরণ ঋণ ও কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধীদের পূর্ণবাসন ও আয়মূলক কার্যক্রমের জন্য অনুদান, প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা প্রদান এবং ছাগল পালন করার কার্যক্রম চলমান। দরিদ্র রোগীদের বিনামূল্যে উন্নত চিকিৎসা প্রদান করাসহ দরিদ্র বেকার যুবকদের স্ব-কর্মসংস্থান ও মজুরী ভিত্তিক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও দরিদ্র কৃষকদের মাঝে উন্নতমানের বীজ ও সার বিতরণ করা হয়েছে। এ যাবত কুড়িগ্রাম জেলায় ঋণ বিতরণ (ক্রমপুঞ্জীভূত) ১,৩৩,৮৭৬ জন এবং ঋণ আদায়ের হার (এ পর্যন্ত) ৯৪.৫২ শতাংশ। |
| ২৬ | সুশীলন, কুড়িগ্রাম | কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার বজরা, তবকপুর, গুনাইগাছ ও দূর্গাপুর ইউনিয়ন, চিলমারী উপজেলার থানাহাট ইউনিয়ন, চর রাজিবপুর উপজেলার রাজিবপুর ইউনিয়ন এবং কুড়িগ্রাম সদর উপজেলার ঘোগাদহ, যাত্রাপুর ইউনিয়নে জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় এসআরএসপি প্রকল্পের কার্যক্রম চলমান আছে। এছাড়া সম্প্রতি বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর নির্দেশনা অনুযায়ী কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ও ঘোগাদহ ইউনয়নে সুশীলন বাস্তবায়ন সহযোগী সংস্থা হিসেবে উক্ত প্রকল্পের কাজ সম্প্রসারণ করা হচ্ছে মর্মে সুশীলন এর প্রতিনিধি সভাকে অবহিত করেন। |

চলমান পাতা-০৮-

| | | |
|---|---|---|
| ২৭ | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান গরীব উন্নয়ন সংস্থা (জি,ইউ,এস) দীর্ঘদিন যাবৎ অত্র জেলায় বিভিন্ন উপজেলায় দুর্যোগ ঝুঁকিহ্রাস ব্যবস্থাপনা, জরুরি ত্রাণ ও পুর্নবাসন ও জীবনমান উন্নয়নে প্রশাসনের সহযোগিতায় কাজ করে যাচ্ছে। গরীব উন্নয়ন সংস্থা (জি,ইউ,এস) বর্তমানে কুড়িগ্রাম, রংপুর, গাইবান্ধা ও জামালপুর জেলার বিভিন্ন উপজেলায়, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ঝুঁকিহ্রাস, ত্রাণসহায়তা, পুর্নবাসন, জীবনযাত্রার মানোন্নয়নের মাধ্যমে টেকসই সমাজ উন্নয়ন, স্বাস্থ্য ও পুষ্টি, পানি ও পয়ঃ নিস্কাশন, রমজানে খাদ্য বিতরণ, আকিকা মাংস বিতরণ, উন্নতজাতের ছাগল, গরু ও মুরগী বিতরণ এবং কোরবানীতে মাংস বিতরণ, শীতবস্ত্র বিতরণ, শিক্ষা, কৃষি, এ্যাডভোকেসিসহ বিভিন্ন কর্মসুচি সরকারি নিয়মনীতি ও কোর হিউম্যানিটারিয়ান স্ট্যান্ডার্ড অনুযায়ী সুনামের সাথে বাস্তবায়ন করে আসছে। এছাড়াও সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। |
| ২৮ | গণ উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় চলমান প্রকল্পসমূহের অগ্রগতি নিম্নরূপভাবে উপস্থাপন করেন। (১) Gender Transformative Climate Resilient Microfinance project, (২) Shipting the Power to Grassroots Communities through Strengthening farmar Ied CSOs and improving their engagement in the sustainable develo process (SWABOL) Project বর্ণিত সংস্থার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থার মাধ্যমে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, শিক্ষার উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, পরিবেশ সুরক্ষা, প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন, যুবকদের কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ নানামুখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। |
| ২৯ | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মরিয়ম চক্ষু হাসপাতালের লক্ষ্য বঞ্চিত, অবহেলিত, হত দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণ সাধন করা। বর্ণিত সংস্থাটি ০৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতালে নভেম্বর, ২০২৪ মাসে ২,৬৫২ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৬৩৫ জনের চোখের ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) ১০৩ জনের সাধারণ অপারেশন করা হয়েছে। ১২৩ জন রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) সম্পন্ন করা হয়েছে। ২,৮২৬ জনের চশমা পরীক্ষা, ৪৪২ জনকে ফ্রি চশমা বিতরণ করা হয়েছে। ২৯ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ৫৬ জন গর্ভবতী মায়ের চেক-আপ, ১৩৭ জন মায়ের নিরাপদ প্রসব, ৩৭ জন মায়ের সি-সেকশন সম্পন্ন করা হয়েছে। ১০ জন গর্ভবতী মাকে টিটি টিকা ও ১৩৭ জন শিশুকে ইপিআই টিকা প্রদান এবং ১৩৪ জন নবজাতকের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। |
| ৩০ | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রাম | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে চিলমারী উপজেলায় অষ্টমীর চর ইউনিয়নের ০৮ টি চরে ০৮টি গ্রুপের ২৮০ জন উপকারভোগীকে ০২টি করে জীবিকায়ন উপকরণদ্বারা স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করা হয়। সংস্থাটির প্রশিক্ষণ পরবর্তী ৬৮ জনের মাঝে ১১ ধরণের সবজির বীজ ও ০২ টি করে ফেরোমন ট্রাপের কিউলিয়র প্রদান করা হয়। ০৭টি স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে ৪৫টি পরিবারের ৬৩ জনকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা এবং ঔষধ প্রদান করা হয়। যাদুরচর ইউনিয়নে ০২টি কমিউনিটি স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে ১০০টি পরিবারের মানুষকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা এবং ঔষধ প্রদান করা হয়। এছাড়াও, প্রতিটি গ্রুপে মানসিক স্বাস্থ্য নিয়ে সচেতনতা বৃদ্ধি ও পরামর্শ প্রদান করা হয়। |
| ৩১ | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের প্রতিনিধি টিআইবি এরিয়া কোর্ডিনেটর সভায় জানান, কুড়িগ্রামে ৫ বছর মেয়াদী Participatory Action against Corruption: Towards Transparency and Accountability (PACTA) প্রকল্পের কাজ চলমান রয়েছে। জেলা স্বাস্থ্য বিভাগের সাথে সভা করা হয়েছে। সেবাগ্রহীতাদের নিয়ে কমিউনিটি এ্যাকশন সভা কর্তৃপক্ষের সাথে এ্যাডভোকেসসি গ্রুপ সভা এবং প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের সাথে বিভিন্ন সমস্যা নিয়ে মতবিনিময় সভা করা হয়েছে। |
| ৩২ | এইড কুমিল্লা, কুড়িগ্রাম | এইড কুমিল্লা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় প্রত্যক্ষ ২,৫৩,১২৫ জন নারী ও কিশোরীকে সেবা প্রদান করা হয়। চলতি মাসে ৩৯টি সভা করা হয়েছে। এছাড়াও, সংস্থাটির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করে আসছে। |
| ৩৩ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ প্রজেক্ট ম্যানেজার সভায় তাদের সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। প্রত্যাশা (প্রোটেকটিং ওম্যান এন্ড চিল্ড্রেন ফ্রম এবিউজ থ্রো সেল্প-হেল্প এপ্রোচ) চিলমারী উপজেলার থানাহাট, রমনা ও রানীগঞ্জ ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে। (১) ১টি দলে ২০ সি এল এ সদস্যদের নিয়ে কার্যকরী সম্পদ ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় (২) ৬টি দলে ১২৩ জন আত্মসহায়ক দলের সদস্যদের নিয়ে মনিটরিং ও রিপোর্টিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় (৩) ২টি দলে ৪০ জন সি এল এ সদস্যকে নিয়ে শিশু অধিকার বিষয়ে শিশু সুরক্ষা কমিটিকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। |

চলমান পাতা-৯-

| | | |
|---|---|---|
| ৩৪ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) উলিপুর, কুড়িগ্রাম | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার চলমান প্রকল্পসমূহের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন সংস্থাটি বিভিন্ন দাতা গোষ্ঠির সহায়তায় কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে যেমন; ১) অগ্রযাত্রা, ২) স্পন্সরশীপ প্রেগ্রাম, ৩) এনআরকে টেলিথন-চাইল্ডনট ব্রাইড (CNB) প্রজেক্ট, ০৪) থ্রাইভিং থ্রু ইকুইটি, ইকোনমিকইম পাওয়ারমেন্ট এবং ক্লাইমেট রেজিলিয়েনস (THRIVE) প্রজেক্ট, ৫) কমিউনিটি বেজড রেজিলিয়েন্স, ওমেনইম পাওয়ারমেন্ট এন্ড একশন (CREA) প্রজেক্ট, ৬) ইমপাওয়ারগার্লস থ্রো ইডুকেশন এন্ড স্কিল, ০৭) এডুকেশনাল প্রোসপেক্টস ফর চিলড্রেন ফ্রোমমারজিনালাইজড গ্রুপস-কোয়ালিটি এডুকেশন, সেফ স্কুলস, একটি ভসিভিল সোসাইটি (SATIRTHO) প্রকল্প, ০৮) বিজিডি - ইমারজেন্সী কোল্ডওয়েভ রেসপন্স - ২০২৪। অত্র সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমুহের মাধ্যমে ফেব্রুয়ারী ২০২৫ ইং মাসে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং যাত্রাপুর ইউনিয়নের ৯০ জন ছাত্রী নিয়ে শিশু অধিকার, বাল্য বিবাহ রোধ, যৌন হয়রানী, প্রজনন স্বাস্থ্য, পিতামাতার সাথে সম্পর্ক উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তন বিষয় নিয়ে ক্যাম্পইন অনুষ্ঠিত হয়। নাগেশ্বরী উপজেলার বল্লভেরখাস, কচাকাটা, কালিগঞ্জ ইউনিয়নের ৮৮৯ জন বন্ধু শিশু পরিবারের মাঝে নগদ ১০০০/- (এক হাজার) টাকা ও শীতবস্ত্র বিতরণ করা হয় এবং ৬০০ জন পরিবরের মধ্যে নন ফুড আইটেম বিতরন করা হয়। উলিপুর উপজেলার ৪০টি বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক শ্রেনির শিশুদের জন্য কলম, সার্পনার, ইরেজার এবং রং পেন্সিল প্রদান করা। এছাড়াও প্রকল্পের সচেতনতামুলক সেশনসমুহ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। |
| ৩৫ | উদ্দীপন, কুড়িগ্রাম | উদ্দীপন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মাইক্রোফিন্যান্স, উদ্দীপন হেলথ কেয়ার কর্মসূচি, বিডি রুরাল ওয়াস এবং ওয়াটার এ্যান্ড স্যানিটেশন, পাখি পল্লী সুজন কর্মসূচি, বিলুপ্ত প্রায় দেশীয় ঐতিহ্য পুনরুদ্ধার, প্রবীণ ও প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, বৃক্ষ রোপন কর্মসূচি, গবাদি প্রাণী বিনিময় ব্যাংক প্রকল্পসহ সংস্থার অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩৬ | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান অত্র কুড়িগ্রাম জেলায় গণস্বাস্থ্য অষ্টআশির চর গণস্বাস্থ্য ক্লিনিক, উলিপুর ও নাগেশ্বরী উপজেলায় গণস্বাস্থ্য উপকেন্দ্রে নিয়মিতভাবে মাসিক স্বাস্থ্য সেবা পরিচালিত করে আসছে। গাইবান্ধা গণস্বাস্থ্যে ৮০১ জনকে স্বাস্থ্যসেবা ক্লিনিকে সেবা প্রদান, ৩৩৩ জন গর্ভবতী সেবা, ৯০ জন প্রসূতি ও শিশু ৯০ জন, বয়স্ক সেবা ১৫০ জন, গর্ভবতী ক্যাম্প ২৩ জন, স্বাস্থ্য ক্যাম্প ৭৫টিতে ১৫০ জন উপকারভোগী সদস্যের মাঝে সেবা প্রদান করা হয়। |
| ৩৭ | সন্ধান, কুড়িগ্রাম | সন্ধান, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের বাস্তবায়নাধীন ভিডব্লিউবি কর্মসূচীর বাস্তবায়ন করার মাধ্যমে উপকারভোগী মহিলাদের জীবন দক্ষতা উন্নয়ন,, আয়বর্ধক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান, ভবিষৎ পুঁজি সৃষ্টির লক্ষ্যে মাসিক সঞ্চয় সংগ্রহ এবং তাদের নিজেদের নামের ব্যাংক হিসাব নম্বরে জমা করা। তাছাড়া বাল্য বিবাহ, নারী নির্যাতন, বহু বিবাহ এর কুফল সম্পর্কে উঠান বৈঠকে আলোচনা করার মধ্যে দিয়ে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে ও আইনি সহায়তা প্রদান করা হচ্ছে। |
| ৩৮ | গ্রাম উন্নয়ন কেন্দ্র (গউক), কুড়িগ্রাম | গ্রাম উন্নয়ন কেন্দ্র (গউক), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের বাস্তবায়নাধীন ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় নাগেশ্বরী উপজেলায় রামখানা, নেওয়াশী, সন্তোষপুর, হাসনাবাদ কেদার, বল্লবেরখাস, কচাকাটা এবং বামনডাঙ্গা এই ৮টি ইউনিয়নে বাস্তবায়ন করে আসছে। তাছাড়া বাল্য বিবাহ, নারী নির্যাতন, বহু বিবাহ এর কুফল সম্পর্কে উঠান বৈঠকে আলোচনা করার মধ্যে দিয়ে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে ও আইনি সহায়তা প্রদান করা হচ্ছে। |

২৬/৬/২৫

(সায়েকুল হাসান খান)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ফোন নং-০২৫৮৯৯৫০০৪৪
ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd